গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী
(জে. এম শাখা)

নভেম্বর, ২০১৪ মাসের আইন-শৃংখলা কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| বিবেচ্য মাস | : | অক্টোবর, ২০১৪ |
| সভাপতি | : | মোঃ হুমায়ুন কবীর খোন্দকার<br>জেলা ম্যাজিস্ট্রেট, ফেনী |
| সভার তারিখ | : | ১০/১১/২০১৪ সকাল ১১.৩০ মিনিট |
| সভার স্থান | : | জেলা প্রশাসক, ফেনী এর সম্মেলন কক্ষ |

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নামের তালিকা : পরিশিষ্ট ''ক''

সভাপতি সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

ক. বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণঃ সভাপতির অনুমতি সাপেক্ষে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী পরিলক্ষিত না হওয়ায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

খ. পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনাঃ

| বিষয় | গৃহীত সিদ্ধান্ত | অগ্রগতি/মন্তব্য |
|---|---|---|
| ১. থানাসমূহের কার্যক্রম ও তৎপরতাঃ | আইন-শৃংখলা রক্ষাসহ বিভিন্ন নাশকতামূলক কর্মকান্ডে জড়িত ব্যক্তিদেরকে আটক ও মামলার তদন্তকার্য যথাযথভাবে সম্পন্নকরণ এবং নিরপেক্ষতা ও পেশাদারিত্বের সাথে সংঘটিত অপরাধসমূহ রেকর্ডভুক্ত করাসহ প্রতিকার প্রার্থীদের যথাযথ সেবা প্রদান করার জন্য অফিসার ইনচার্জগণকে অনুরোধ করা হয়। | আইন-শৃংখলা পরিস্থিতি স্থিতিশীল রাখার লক্ষ্যে সংঘটিত অপরাধসমূহ যথাযথভাবে রেকর্ডভুক্ত করা হচ্ছে এবং প্রতিকার প্রার্থীদের যথাযথ সেবা প্রদান করা হচ্ছে মর্মে পুলিশ সুপার, ফেনী সভাকে অবহিত করেন। |
| ২. আইন-শৃংখলাঃ | ২(ক) ট্রাংক রোড-মহিপাল, ট্রাংক রোড-কোর্ট বিল্ডিং সড়কসহ শহরের বিভিন্ন গুরুত্বপূর্ন সড়কগুলোতে যাত্রী সাধারণের হয়রানী লাঘবে যথাযথভাবে সিএনজি সার্ভিস দেয়ার জন্য এবং তা আরো বৃদ্ধি করার জন্য মেয়র, ফেনী পৌরসভাকে অনুরোধ করা হয়। অবৈধ যানবাহনের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে উপজেলা নির্বাহী অফিসার, ফেনী সদরকে অনুরোধ করা হয়। | ২(ক) শহরের বিভিন্ন গুরুত্বপূর্ন সড়কগুলোতে হলুদ রং দিয়ে সিএনজি সার্ভিস দেয়া এবং তা আরো বৃদ্ধি করতে পৌরসভা কর্তৃক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। অবৈধ যানবাহনের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রয়েছে। |
| | খ) (।)নির্ধারিত স্টপেজ ব্যতীত যত্রতত্র টোল আদায় করা যাবে না। টোল আদায়ে লাঠি ব্যবহার করা যাবে না। ফেনী পৌরসভা বিষয়টি নিশ্চিত করবে। | খ)(।) লাঠি ব্যবহার ছাড়া নির্ধারিত স্টপেজে টোল আদায়ে ফেনী পৌরসভা ব্যবস্থা গ্রহণ করছে মর্মে পৌরসভা কর্তৃপক্ষ জানান। |

| | | |
|---|---|---|
| | (ii) ফতেহপুর ও গুদাম কোয়ার্টার রেলক্রসিং রাস্তা মেরামত করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, সওজ, ফেনী এবং মেয়র, ফেনী পৌরসভা ও স্টেশন মাস্টার, ফেনীকে অনুরোধ করা হয়।<br>(iii) কোরবানীর পশুর চামড়া, পেট্রোল পাম্প ও ফিলিং স্টেশন থেকে জ্বালানী তেল ফেনী জেলার সীমান্ত দিয়ে পাচার প্রতিরোধে মনিটরিং ও নজরদারী বৃদ্ধি করার জন্য অধিনায়ক, ৪ বিজিবি, ফেনী; পুলিশ সুপার, ফেনী এবং সীমান্তবর্তী সকল উপজেলার উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ করা হয়। | (ii) বিভিন্ন পয়েন্টে রেলক্রসিং সংশ্লিষ্ট রাস্তা মেরামতে নির্বাহী প্রকৌশলী, সওজ, ফেনী এবং মেয়র, ফেনী পৌরসভা ও স্টেশন মাস্টার, ফেনী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করছেন।<br>(iii) কোরবানীর পশুর চামড়া, পেট্রোল পাম্প ও ফিলিং স্টেশন থেকে জ্বালানী তেল পাচার প্রতিরোধে নজরদারী বৃদ্ধি করা হয়েছে মর্মে অধিনায়ক, ৪ বিজিবি, ফেনী জানান। |

গ. গত সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহঃ

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. বিগত মাসের অপরাধ চিত্র | ফেনী জেলার অক্টোবর, ২০১৪ মাসের অপরাধচিত্র পরিশিষ্ট "খ"তে দেখানো হল। অপরাধচিত্র পর্যালোচনায় দেখা যায় যে, ফেনী জেলায় অক্টোবর, ২০১৪ মাসে সংঘটিত মোট ১৫৭টি অপরাধ রেকর্ডভুক্ত হয়েছে, গত বছর একই সময়ে অর্থাৎ অক্টোবর, ২০১৩ মাসে ১১৯ টি অপরাধ রেকর্ডভুক্ত হয়েছিল।<br>পুলিশ সুপার জানান যে, জনগণের নিরাপত্তা, অপহরণ প্রতিরোধ ও উদ্ধার, অবৈধ যান চলাচল প্রতিরোধ, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ, দুষ্কৃতকারী গ্রেপ্তার ও মামলা, অজ্ঞান/মলম পার্টি দ্বারা আক্রান্ত ব্যক্তিকে সহায়তা প্রদান, মহাসড়ক ও যাত্রী সাধারণের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করাসহ ফেনী জেলার আইন-শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণে এবং উন্নতি সাধনে পুলিশ বিভাগ তৎপর রয়েছে। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | আইন-শৃংখলা পরিস্থিতি স্থিতিশীল রাখার জন্য ফেনী জেলার সকল থানার অফিসার -ইন-চার্জগণকে চলমান কর্মতৎপরতা অব্যাহত রাখাসহ সংঘটিত অপরাধ প্রতিরোধ ও যথাযথভাবে রেকর্ডভুক্তকরণ নিশ্চিত করার অনুরোধ করা হয়। | ১.পুলিশ সুপার, ফেনী;<br>২.অফিসার ইন-চার্জ, (সকল থানা), ফেনী। |

| | | | |
|---|---|---|---|
| ২. আইন-শৃংখলাঃ | ২(ক) জনাব আবদুল করিম, সদস্য, জেলা আইন-শৃংখলা কমিটি ও অন্যান্য আলোচকবৃন্দ জানান যে, ফেনী টেলিফোন ভবনের ওয়ারলেস সেন্টার (পরিত্যক্ত ভবনে) ও পার্শ্ববর্তী এলাকায় কিছু সন্ত্রাসী টহল দেয়, অন্যান্য এলাকায় সন্ত্রাস করে এখানে একত্রিত হয় এবং বিভিন্ন অপরাধমূলক কর্মকান্ড ও বোমা তৈরী করে থাকে। এ এলাকা অপরাধ ও সন্ত্রাসমুক্ত করার অনুরোধ করেন। | ২(ক) ফেনী টেলিফোন ভবনের ওয়ারলেস সেন্টার (পরিত্যক্ত ভবনে) ও পার্শ্ববর্তী এলাকা সন্ত্রাসমুক্ত করা এবং অপরাধীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ সুপার, ফেনীকে অনুরোধ করা হয়। | ১। পুলিশ সুপার, ফেনী |
| | খ) জনাব বখতেয়ার ইসলাম মুননা, সভাপতি, ফেনী প্রেস ক্লাব ও অন্যান্য আলোচকবৃন্দ জানান যে, পাঠানবাড়ী, শাহীন একাডেমী এলাকা, ডাক্তার পাড়া, উকিলপাড়া, বিরিঞ্চি ও হাসপাতাল মোড় এলাকায় কোন বাড়ী তৈরী করতে গেলে বিভিন্ন বখাটে ও সন্ত্রাসী চাঁদা দাবী করছে। শর্শদী এলাকায় পার্শ্ববর্তী জেলার পদুয়া থেকে মাদকদ্রব্য এসে মাদক দ্রব্যের আখড়ায় পরিনত হয়েছে। বিদ্যালয় চলাকালীন বিজয় সিং দীঘির পাড়ে উঠতি বয়সের তরুন-তরুনী ঘুরতে এসে বিভিন্ন অনৈতিক কর্মকান্ডে জড়িত হচ্ছে। এ সকল বিষয়ে মোবাইল কোর্টসহ পুলিশি নজরদারী বৃদ্ধি করার জন্য তারা অনুরোধ করেন। | খ) পাঠানবাড়ী, শাহীন একাডেমী এলাকা, ডাক্তার পাড়া, উকিলপাড়া, বিরিঞ্চি ও হাসপাতাল মোড় এলাকায় বাড়ী তৈরীতে চাঁদাবাজী ও বখাটে প্রতিরোধ ও শর্শদী এলাকায় মাদক সেবনকারী ও মাদক ব্যবসায়ীদের আটক, পুলিশি অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা করতে পুলিশ সুপার, ফেনী, বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারী পরিচালক, মাদক-দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ফেনীকে অনুরোধ করা হয়। | ১.পুলিশ সুপার, ফেনী ২. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ফেনী। ৩. সহকারী পরিচালক, মাদক-দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ফেনী। |
| | গ) জনাব বখতেয়ার ইসলাম মুননা আরো জানান যে, অবৈধ যানবাহন চলাচল প্রতিরোধ অভিযান চলছে। এভাবে অভিযান চলমান থাকলে আঞ্চলিক সড়ক ও মহাসড়ক নিরাপদ থাকবে। অবৈধ যানবাহন চলাচলের সময় ট্রাফিক পুলিশকে আরো বেশী তৎপর ও দায়িত্ববান হতে নির্দেশনা দিতে পুলিশ সুপার, ফেনীর দৃষ্টি আকর্ষণ করেন। শহরের যাত্রীদের চলাচলের সুবিধার্থে সিএনজি টাউন সার্ভিস পরিমানমত নেই। গাড়ীতে হলুদ রং লাগিয়ে সিএনজি টাউন সার্ভিস আরো বৃদ্ধি করার অনুরোধ করেন। | গ) অবৈধ যানবাহন এর বিরুদ্ধে অভিযান চলবে। অবৈধ যানবাহন এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণে ট্রাফিক বিভাগকে আরো তৎপর হতে পুলিশ সুপার, ফেনীকে অনুরোধ হয়। হলুদ রং লাগিয়ে সিএনজি টাউন সার্ভিস আরো বৃদ্ধি করার জন্য মেয়র, ফেনী পৌরসভাকে অনুরোধ করা হয়। | ১.পুলিশ সুপার, ফেনী ২. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ফেনী। ৩.মেয়র, ফেনী পৌরসভা |

| | | | |
|---|---|---|---|
| | ঘ) জনাব জেড. এম কামরুল আনাম, উপজেলা পরিষদ চেয়ারম্যান, সোনাগাজী ও অন্যান্য ব্যক্তিরা জানান যে, ভুমি অফিসে দালালদের উৎপাত বেড়ে গিয়েছে। অতিরিক্ত টাকা না দিলে কাজ হয় না। সোনাগাজী মৎস্য খামারে বিভিন্ন স্থানীয় মাস্তান বাহিনী কর্তৃক চাঁদাবাজী বৃদ্ধি পেয়েছে। এ সকল এলাকায় মোবাইল কোর্ট পরিচালনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তারা অনুরোধ করেন। তারা আরো জানান ফেনীর দক্ষিনে ব্যস্ততম সড়ক লালপোল এলাকায় পূর্বে ট্রাফিক পুলিশ ছিল কিন্তু এখন নেই। লালপোলে একজন ট্রাফিক পুলিশ মোতায়েনের জন্য তারা অনুরোধ করেন। | ঘ) ভুমি অফিস ও মৎস্য অফিসে বিভিন্ন দালালচক্র ও চাঁদাবাজদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেটগণকে অনুরোধ করা হয়। ফেনীর দক্ষিনে ব্যস্ততম সড়ক লালপোল এ ট্রাফিক পুলিশ মোতায়েনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ সুপার, ফেনী কে অনুরোধ করা হয়। | ১.পুলিশ সুপার, ফেনী<br>২. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ফেনী। |

আর কোন আলোচনা না থাকায় আইন-শৃংখলা রক্ষায় সকলের সহযোগিতা কামনা করে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ হুমায়ুন কবীর খোন্দকার)
জেলা ম্যাজিস্ট্রেট
ফেনী

স্মারক নং ০৫.২০.৩০০০.০৩১.০৪.০৭১.১৪-১৫৪৮(৪) তারিখঃ ২৪ / ১১/২০১৪খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :-

১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
৩। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ৪৪১ তেজগাঁও শিল্প এলাকা, তেজগাঁও, ঢাকা-১২০৮
৪। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল, ১১৫, পাঁচলাইশ আবাসিক এলাকা, চট্টগ্রাম।

জেলা ম্যাজিস্ট্রেট
ফেনী।

স্মারক নং ০৫.২০.৩০০০.০৩১.০৪.০৭১.১৪-২৫৪৮/১(১০০) তারিখঃ ২৫/১১/২০১৪খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১। পুলিশ সুপার, ফেনী ও সহ-সভাপতি, জেলা আইন-শৃংখলা কমিটি
২। অধিনায়ক, ৪ বিজিবি ব্যাটালিয়ন, জায়লস্কর, ফেনী
৩। সিভিল সার্জন, ফেনী
৪। উপজেলা পরিষদ চেয়ারম্যান, ফেনী সদর/ পরশুরাম/ ফুলগাজী/ ছাগলনাইয়া/সোনাগাজী/ দাগনভূঁঞা, ফেনী
৫। মেয়র, ফেনী পৌরসভা, ফেনী
৬। উপজেলা নির্বাহী অফিসার, ফেনী সদর,/পরশুরাম/ ফুলগাজী/ছাগলনাইয়া/সোনাগাজী/দাগনভূঁঞা, ফেনী
৭। জনাব........................................................ বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, ফেনী
৮। অফিসার ইনচার্জ,ফেনী মডেল থানা/ পরশুরাম/ফুলগাজী/ছাগলনাইয়া/সোনাগাজী/ দাগনভূঁঞা থানা, ফেনী
৯। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, নোয়াখালী উপ-অঞ্চল, ফেনী
১০। সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, ফেনী
১১। জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার, ফেনী
১২। সভাপতি, প্রেস ক্লাব, ফেনী, ফেনী
১৩। সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ, ফেনী
১৪। সভাপতি/সম্পাদক, ব্যবসায়ী সমিতি, ফেনী
১৫। সভাপতি/সম্পাদক, ট্রাক/বাস মালিক সমিতি, ফেনী
১৬। জনাব.........................................................

২৪/১১/১৪
সহকারী কমিশনার
জে.এম শাখা
জেলা প্রশাসক, ফেনী
এর পক্ষে